

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮১১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - সুদ

بَابُ الرِّبَا

## আরবী

وَعَنْ مَعْمَرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: كُنْتُ أسمع رَسُول صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «الطَّعَامُ بِالطَّعَامِ مِثْلاً بِمثْلٍ» . رَوَاهُ مُسلم

বাংলা

২৮১১-[৫] মা'মার ইবনু 'আব্দুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, খাদ্য-সামগ্রীর বিনিময় সমপরিমাণ হতে হবে। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১৫৯২, সহীহ আল জামি' ৩৯৫২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (الطَّعَامُ بِالطَّعَامِ مِثْلًا بِمثْلًا) "খাদ্যের বিনিময়ে খাদ্য সমান সমান হতে হবে" প্রত্যেক খাদ্য বস্তুকেই طعام বলা হয়। আবার طعام শব্দ দ্বারা গমও বুঝানো হয়ে থাকে। হাদীসে طعام শব্দ দ্বারা যদি গম উদ্দেশ্য হয়, তাহলে বিষয়িটি সুস্পষ্ট। অর্থাৎ গমের সাথে গম বিনিময় করলে উভয়পক্ষের গমই সমান সমান হতে হবে। কমবেশী করা যাবে না। আর যদি طعام শব্দ দ্বারা যে কোনো খাদ্যবস্তু বুঝানো হয়, তাহলে যে কোনো একজাতীয় খাদ্যবস্তুর বিনিময়কালে কমবেশী করা যাবে না। আর যদি ভিন্ন ভিন্ন জাতীয় বস্তু বিনিময় করা হয়, তাহলে কমবেশী করা যাবে তবে তা নগদ হতে হবে। বাকী বিনিময় চলবে না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=68138}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন